চট্টগ্রাম মঙ্গলবার ১৪ জানুয়ারি ২০২৫

দৈনিক পূর্বকোণ

দেশসেরা আঞ্চলিক দৈনিকের স্বীকৃতিপ্রাপ্ত

৩৯তম বর্ষ ৩২২তম সংখ্যা।। ৩০ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ।। ১৩ রজব ১৪৪৬ হিজরি।। Tuesday 14 January 2025

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone

# প্রিমিয়ার ভার্সিটিতে ইংরেজি বিভাগের পিঠা উৎসব

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে ইংরেজি বিভাগের ৪০তম ব্যাচের শিক্ষার্থীদের উদ্যোগে পিঠা উৎসব-২০২৫ সম্প্রতি আয়োজন করা হয়েছে।

ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক ও শিক্ষার্থীদের এডভাইজার কোহিনূর আক্তারের তত্ত্বাবধানে ও সভাপতিত্বে এই উৎসবটি নতুনত্ব ও ভিন্নধর্মী আয়োজন হিসেবে ইউ-নিভার্সিটিতে বিশেষ মাত্রা যোগ করেছে। উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করেন প্রফেসর ড. মোহীত উল আলম। উৎসবে সম্মানিত অতিথি ছিলেন ইংরেজি বিভাগের চেয়ারম্যান ও সহযোগী অধ্যাপক সাদাত জামান খান। প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড. মোহীত উল আলম বলেন, ইংরেজি বিভাগের শিক্ষার্থীদের এমন উদ্যোগ প্রশংসনীয়। পিঠা আমাদের ঐতিহ্যের সঙ্গে গভীরভাবে জড়িত। এই ধরনের আয়োজন আমাদের তরুণ প্রজন্মের মধ্যে দেশীয় সংস্কৃতি ও ঐতিহ্যচর্চার আগ্রহ বাড়াবে।

সম্মানিত অতিথি সাদাত জামান খান বলেন, ইংরেজি বিভাগের শিক্ষার্থীদের এই সৃজনশীল উদ্যোগ শুধুমাত্র আনন্দ প্রদান করেনি বরং ঐতিহ্যের সঙ্গে একত্রিত হয়ে আমাদের সাংস্কৃতিক ধারা সংরক্ষণে নতুন দৃষ্টান্ত স্থাপন করেছে।

পিঠা উৎসব-২০২৫-এ বিভিন্ন ধরনের বাঙালি পিঠার পাশাপাশি আধুনিক পিঠা প্রদর্শন করা হয়। স্টলগুলোর মধ্যে ছিল হেঁসেলে, চাট-গাঁর পিঠা ঘর, আতিক্কে হাইযন ও পিডে হাইলে আইয়্যুন।-বিজ্ঞপ্তি



*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ইংরেজি বিভাগের পিঠা উৎসব উদ্বোধন করছেন প্রফেসর ড. মোহীত উল আলম*

Ref: Daily Purbokone, Date: 14 January 2025, Page: 3, Col: 4
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2025-01-14

দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh
প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ
www.dailypurbodesh.com



প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের পিঠা উৎসব উদ্বোধন করেন প্রফেসর ড. মোহীত উল আলম

# প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগে পিঠা উৎসব

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে ইংরেজি বিভাগের ৪০তম ব্যাচের শিক্ষার্থীদের উদ্যোগে পিঠা উৎসব-২০২৫ সম্প্রতি আয়োজন করা হয়েছে। ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক ও শিক্ষার্থীদের এডভাইজার কোহিনূর আক্তারের তত্ত্বাবধানে ও সভাপতিত্বে উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম। উৎসবে অতিথি ছিলেন ইংরেজি বিভাগের চেয়ারম্যান ও সহযোগী অধ্যাপক সাদাত জামান খান। প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড. মোহীত উল আলম বলেন, ইংরেজি বিভাগের শিক্ষার্থীদের এমন উদ্যোগ প্রশংসনীয়। পিঠা আমাদের ঐতিহ্যের সঙ্গে গভীরভাবে জড়িত। এই ধরনের আয়োজন আমাদের তরুণ প্রজন্মের মধ্যে দেশীয় সংস্কৃতি ও ঐতিহ্যচর্চার আগ্রহ বাড়াবে। অতিথি সাদাত জামান খান বলেন, ইংরেজি বিভাগের শিক্ষার্থীদের এই সৃজনশীল উদ্যোগ শুধুমাত্র আনন্দ প্রদান করেনি, বরং ঐতিহ্যের সঙ্গে একত্রিত হয়ে আমাদের সাংস্কৃতিক ধারা সংরক্ষণে নতুন দৃষ্টান্ত স্থাপন করেছে।

সভাপতি কোহিনূর আক্তার বলেন, এই আয়োজন কেবল আমাদের ঐতিহ্য সংরক্ষণে নয়, শিক্ষার্থীদের সৃজনশীলতা প্রকাশে একটি গুরুত্বপূর্ণ মাধ্যম হিসেবে কাজ করবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইংরেজি বিভাগের অন্যান্য শিক্ষকমণ্ডলী এবং ইউনিভার্সিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ। তারা সবাই শিক্ষার্থীদের এই ব্যতিক্রমী উদ্যোগের প্রশংসা করেন। পিঠা উৎসবে বিভিন্ন ধরনের বাঙালি পিঠার পাশাপাশি আধুনিক পিঠা প্রদর্শন করা হয়। স্টলগুলোর মধ্যে ছিল হেঁসেলে, চাটগাঁর পিঠা ঘর, আতিক্কে হাইযন ও পিডে হাইলে আইয়্যন।

প্রদর্শনীর আকর্ষণীয় পিঠাগুলোর মধ্যে উল্লেখযোগ্য ছিল- ভাঁপা পিঠা, চিতই পিঠা, নকশি পিঠা, পাটিসাপ্টা, নারকেল পুলি, দুধপুলি, বিনি চালের পিঠা ও পায়েস, পাহাড়ি ঐতিহ্যবাহী লাকসৌ, ব্যাম্বো চিকেন ও হাঁসের মাংস প্রভৃতি। অনুষ্ঠানের শেষ অংশে ছিল সাংস্কৃতিক পরিবেশনা। শিক্ষার্থীদের নাচ-গান, নাটিকা এবং গ্রামীণ খেলাধুলার মধ্য দিয়ে উৎসবের সমাপ্তি ঘটে। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 14 January 2025, Page: 2, Col: 4
https://epurbodesh.com/index.php?page=1&date=2025-01-14

চট্টগ্রাম • মঙ্গলবার • ১৪ জানুয়ারি ২০২৫ • ৩০ পৌষ ১৪৩১ • ১৩ রজব ১৪৪৬ | ৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ২১ সংখ্যা ১৪৯

২১ বছরে সুপ্রভাত

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

# সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

৩ চারদিন ধরে বন্ধ সঞ্চয়পত্র বিক্রি

৫ চকরিয়ায় বেড়েই চলছে তামাক চাষের আগ্রাসন

৬ 'তামিমের অভিজ্ঞতা কাজে লাগালে উপকার হবে'



**পূর্ণাঙ্গ বার্ন হাসপাতালের প্রয়োজনীয়তা বাড়ছে**

শীতকাল এলেই অগ্নিকাণ্ডের ঘটনা বাড়ে সে সঙ্গে বাড়ে অগ্নিদগ্ধের সংখ্যাও। ত্রিশ-চল্লিশ বছর আগে বাড়িঘরেই আগুন লাগার ঘটনা ঘটতো বেশি।

বিস্তারিত ▶ পৃষ্ঠা : ২



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ইংরেজি বিভাগের পিঠা উৎসব উদ্বোধন করছেন প্রফেসর ড. মোহীত উল আলম।

# 'পিঠা বাঙালির ঐতিহ্য'

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে ইংরেজি বিভাগের ৪০তম ব্যাচের শিক্ষার্থীদের উদ্যোগে পিঠা উৎসব-২০২৫ সম্প্রতি আয়োজন করা হয়েছে। ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক ও শিক্ষার্থীদের এডভাইজার কোহিনূর আক্তারের তত্ত্বাবধানে ও সভাপতিত্বে এই উৎসবটি নতুনত্ব ও ভিন্নধর্মী আয়োজন হিসেবে ইউনিভার্সিটিতে বিশেষ মাত্রা যোগ করেছে। উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম। উৎসবে সম্মানিত অতিথি ছিলেন ইংরেজি বিভাগের চেয়ারম্যান ও সহযোগী অধ্যাপক সাদাত জামান খান। প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড. মোহীত উল আলম বলেন, ইংরেজি বিভাগের শিক্ষার্থীদের এমন উদ্যোগ প্রশংসনীয়। পিঠা আমাদের ঐতিহ্যের সঙ্গে গভীরভাবে জড়িত। এই ধরনের আয়োজন আমাদের তরুণ প্রজন্মের মধ্যে দেশীয় সংস্কৃতি ও ঐতিহ্যচর্চার আগ্রহ বাড়াবে।

সম্মানিত অতিথি সাদাত জামান খান বলেন, ইংরেজি বিভাগের শিক্ষার্থীদের এই সৃজনশীল উদ্যোগ শুধুমাত্র আনন্দ প্রদান করেনি, বরং ঐতিহ্যের সঙ্গে একত্রিত হয়ে আমাদের সাংস্কৃতিক ধারা সংরক্ষণে নতুন দৃষ্টান্ত স্থাপন করেছে।

সভাপতি কোহিনূর আক্তার বলেন, এই আয়োজন কেবল আমাদের ঐতিহ্য সংরক্ষণে নয়, শিক্ষার্থীদের সৃজনশীলতা প্রকাশে একটি গুরুত্বপূর্ণ মাধ্যম হিসেবে কাজ করবে।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইংরেজি বিভাগের অন্যান্য শিক্ষকমণ্ডলী এবং ইউনিভার্সিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ। তারা সবাই শিক্ষার্থীদের এই ব্যতিক্রমী উদ্যোগের প্রশংসা করেন।

পিঠা উৎসব-২০২৫-এ বিভিন্ন ধরনের বাঙালি পিঠার পাশাপাশি আধুনিক পিঠা প্রদর্শন করা হয়। স্টলগুলোর মধ্যে ছিল হেঁসেলে, চাটগাঁর পিঠা ঘর, আতিক্কে হাইযন ও পিডে হাইলে আইয়্যুন। প্রদর্শনীর আকর্ষণীয় পিঠাগুলোর মধ্যে উল্লেখযোগ্য ছিল ভাঁপা পিঠা, চিত ই পিঠা, নকশি পিঠা, পাটিসাপ্টা, নারকেল পুলি, দুধপুলি, বিনি চালের পিঠা ও পায়েস, পাহাড়ি ঐতিহ্যবাহী লাকসৌ, ব্যাম্বো চিকেন ও হাঁসের মাংস প্রভৃতি। অনুষ্ঠানের শেষ অংশে ছিল এক মনোজ্ঞ সাংস্কৃতিক পরিবেশনা। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 14 January 2025, Page: 4, Col: 1

https://esuprobhat.com/index.php?page=1&date=2025-01-14